আজকের কাগজ

তারিখ … 07 AUG 1995
পৃষ্ঠা … ৪ কলাম … ৮

## কৃষি শিক্ষার গুরুত্ব

বাংলাদেশ কৃষি প্রধান দেশ। এ দেশের ৮০% লোক কৃষিজীবী। দেশের অর্থনৈতিক বুনিয়াদ সম্পূর্ণ কৃষির উপর নির্ভরশীল। অথচ বর্তমানে এ দেশের কৃষির অবস্থা অত্যন্ত শোচনীয়।



কৃষককুল নানা অভাব-অনটন ও রোগ-শোকে জর্জরিত। তারা আধুনিক যন্ত্রপাতি ও কৃষি প্রণালী সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ। পুরাতন ভোতা লাঙ্গল ও হাড্ডিসার গরু এখনও তাদের সম্বল। এর একমাত্র কারণ শিক্ষা, বিশেষ করে কৃষি শিক্ষার অভাব। পৃথিবীর অপরাপর রাষ্ট্রগুলো কৃষিক্ষেত্রে যেখানে উন্নতির চরম শিখরে উঠেছে সেখানে কৃষি শিক্ষার অভাবে আমরা অনেক পশ্চাতে রয়েছি। তাই এ দেশের জনগণের দ্রুত ভাগ্যোন্নয়ন ঘটাতে হলে কৃষি শিক্ষার ওপর অধিক গুরুত্ব আরোপ করতে হবে। বয়স্কদেরকেও নিরক্ষরতা দূর করে বিজ্ঞান সম্মত কৃষি শিক্ষায় সচেতন করে তুলতে হবে।

মানস রায়
আকুর টাকুর পাড়া
টাংগাইল।